



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৬৫৪

তারিখ: ১৫ আষাঢ়. ১৪২৮

২৯ জুন ২০২১

### অফিস আদেশ

কোভিড-১৯ প্রতিরোধের লক্ষ্যে সরকার কর্তৃক লকডাউন অব্যাহত রয়েছে এবং ০১ জুলাই/২০২১ থেকে আরও কঠোরভাবে কার্যকর হতে যাচ্ছে। এরই অংশ হিসেবে সম্প্রতি রিক্সা ব্যতিত সকল প্রকার গণপরিবহণ চলাচল নিষিদ্ধ করা হয়েছে। সরকারি ভান্ডারে চালের পর্যাপ্ত মজুত গড়ে তোলার লক্ষ্যে অভ্যন্তরীণভাবে ৬,৫০,০০০ (ছয় লাখ পঞ্চাশ হাজার) মে.টন ধান, ১১,৩৫,০০০ (এগারো লাখ পঁয়ত্রিশ হাজার) মে.টন সিদ্ধ চাল ও ১,০০,০০০ (এক লাখ) মে.টন আতপ চাল সংগ্রহ কার্যক্রম অব্যাহত রয়েছে। সংগৃহীত খাদ্যশস্য পরিবহণ যান হতে খাদ্য গুদামে উত্তোলন ও খাদ্য গুদাম হতে পরিবহণযানে বোঝাই দেওয়া অর্থাৎ সরকারি খাদ্য গুদামে খাদ্যশস্য বোঝাই ও খালাস কাজ শ্রমিকদের মাধ্যমে সম্পাদিত হয়। খাদ্যশস্য সংগ্রহের জন্য মিলারদের সাথে চুক্তিপত্র সম্পাদিত হয়েছে এবং মিলারদের নিকট হতে চাল সংগ্রহ অব্যাহত রয়েছে। সরকারি খাদ্যশস্য বিতরণ কাজটি ডিলারগণের মাধ্যমে সম্পাদিত হয়ে থাকে। ফলে সরকারি খাদ্য গুদামে খাদ্যশস্য বোঝাই ও খালাস কাজের সাথে জড়িত শ্রমিক, অভ্যন্তরীণ সংগ্রহ ও ধান ছাঁটাই কাজে জড়িত মিলার এবং সরকারি খাদ্যশস্য বিতরণ কাজে জড়িত ডিলারদের জেলার সংশ্লিষ্ট এলাকায় গমনাগমনের জন্য সংশ্লিষ্ট ব্যক্তির ছবি ও জাতীয় পরিচয়পত্রের নম্বর উল্লেখপূর্বক পরিচয়পত্র প্রদান করা প্রয়োজন।

এমতাবস্থায়, সরকার কর্তৃক ঘোষিত লকডাউনকালে সরকারি খাদ্যগুদামে খাদ্যশস্য বোঝাই ও খালাস কাজে জড়িত শ্রমিক, সরকারি খাদ্যশস্য বিতরণ কাজে জড়িত ডিলার এবং অভ্যন্তরীণ সংগ্রহ ও ধান ছাঁটাই কাজে জড়িত মিলারদের সংশ্লিষ্ট এলাকায় গমনাগমন নির্বিঘ্ন রাখার জন্য ছবি ও জাতীয় পরিচয়পত্রের নম্বর উল্লেখপূর্বক পরিচয়পত্র প্রদান করার জন্য সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রককে নির্দেশ প্রদান করা হলো।

২৯-৬-২০২১

শেখ মুজিবুর রহমান  
মহাপরিচালক (গ্রেড-১)

নম্বর: ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৬৫৪/১(৬৯)

তারিখ: ১৫ আষাঢ়. ১৪২৮

২৯ জুন ২০২১

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়

২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর

৪) প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আদুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা, .

৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

৬) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/সান্তাহার সাইলো/আশুগঞ্জ সাইলো/খুলনা সাইলো


৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (উক্ত পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)

৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)

৯) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা/চট্টগ্রাম

১০) ব্যবস্থাপক/এসএমও/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল)....., .. .

১১) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)....., ....., .....



২৯-৬-২০২১

শেখ মুজিবুর রহমান  
মহাপরিচালক (গ্রেড-১)